1 8 MAY 1990
তারিখ ... 1 8 MAY 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম 8 ...

দৈনিক সংবাদ

26

# ঢাকা কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকদের কক্ষ ভাঙচুর

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল বৃহস্পতিবার সকালের দিকে ঢাকা কলেজে বিভিন্ন ছাত্র সংগঠনের সমন্বয়ে গঠিত ছাত্র ঐক্য জোটের কর্মীরা কলেজের অধ্যক্ষ এবং অধ্যাপকদের কক্ষ ভাঙচুর করেছে। তারা চেয়ার, টেবিলসহ অন্যান্য আসবাবপত্রের ব্যাপক ক্ষতি সাধন করে।

জানা গেছে যে, অনিয়মিত ছাত্রদের নতুন করে ভর্তির সুযোগ দান, তাদের ভোটারলিষ্টে তালিকাভুক্ত করা ও সেশন চার্জ বাকী থাকার কারণে ভোটার তালিকা থেকে বাদ পড়া ছাত্রদের ভোটার তালিকাভুক্ত করার দাবীতে ওই জোটের ২শ' থেকে আড়াইশ' কর্মী কলেজ প্রাঙ্গণে একটি জঙ্গী বিক্ষোভ মিছিল বের করে। মিছিলকারীরা তাদের দাবীর সমর্থনে বিভিন্ন ধরনের শ্লোগান প্রদান করতে থাকে। এক পর্যায়ে তারা অধ্যক্ষ ও

( শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## অধ্যাপকদের কক্ষ

(১ম পাতার পর)

অধ্যাপকদের কক্ষে ঢুকে ভাঙচুর করে।

দীর্ঘক্ষণ পর্যন্ত তারা স্ত্রী স্টাইলে এই ঘটনা ঘটিয়েছে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বেলা সাড়ে ১২টার দিকে ছাত্ররা ছত্রভঙ্গ হয়ে যায়।